ALL INDIA RADIO

REGIONAL NEWS UNIT – SILCHAR

MORNING NEWS BULLETIN

BENGALI

23 JULY 2025 7:35AM

================================================================

রাজ্যের বিভিন্ন স্থানে উচ্ছেদ অভিযান অব্যাহত থাকবে বলে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা গতকাল তিনসুকিয়ায় জানিয়েছেন । মুখ্যমন্ত্রী বলেন যে একটি নির্দিষ্ট প্রক্রিয়ার মাধ্যমে জমি দখলমুক্ত করা হবে । রাজ্যে প্রায় ২৯ লক্ষ বিঘা জমি বে-আইনীভাবে দখল হয়ে রয়েছে বলে মূখ্যমন্ত্রী জানান ।

এসম্পর্কে মুখ্যমন্ত্রী ড: শর্মা বলেন

**বাইট ---**

এদিকে হাইলাকান্দি জেলায় খুব শীঘ্র ই উচ্ছেদ অভিযান শুরু করা হবে বলে জানানো হয়েছে । জেলার ঘাড়মূরা ফরেষ্ট রেঞ্জের আটটি গ্রামে উচ্ছেদ অভীযান চালানো হবে বলে জানানো হয়েছে ।

---

আকাশবানীর সঞ্চালক প্রধান ড: প্রজ্ঞা পালিয়াল গৌড় আজ আকাশবানী শিলং-এর ৯০ বছর পূর্তি উপলক্ষে আয়োজিত এক সংগীতানুষ্ঠানে অংশ গ্রহণ করবেন । আগামীকাল শ্রীগৌড় শিলং এ মেঘালয়ের আকাশবাণী কেন্দ্রগুলির কাজের পর্যালোচনা করবেন । ২৫

শে জুলাই বিকেলে ড: গৌড় গুয়াহাটী ফিরে আসবেন ও ২৬ শে জুলাই গুয়াহাটীতে আসামের আকাশবানী কেন্দ্রগুলির কাজের পর্যালোচনা করবেন । ২৭ শে জুলাই শ্রীগৌড় নতুন দিল্লীতে ফিরে যাবেন ।

---

উল্লেখ্য আসাম ও মেঘালয়ে পাঁচদিনের সফরসূচী নিয়ে আকাশবানীর সঞ্চালক প্রধান ড: প্রজ্ঞা পালিয়াল গৌড় গতকাল গুয়াহাটী এসে পৌছেছেন । পরে গুয়াহাটী থেকে শিলং যাওয়ার সময় গুয়াহাটিতে সঞ্চালক প্রধানকে আকাশবানীর উত্তর-পূর্বাঞ্চলের অতিরিক্ত সঞ্চালক প্রধান আশীষ ভাটনগর , উপ-সঞ্চালক প্রধান রবীন চন্দ্র বড়ো , আকাশবানী গুয়াহাটীর উপ - সঞ্চালক প্রধান ওয়ালিউল্লা খান , আকাশবানী গুয়াহাটীর সংবাদ বিভাগের প্রধান রাজীব লোচন বরঠাকুর সহ অন্যান্য আধিকারিকরা স্বাগত জানান ।

---

কাছাড় জেলায় খারিফ বিপণন মরশুমে জেলার কৃষকদের জন্য স্বচ্ছ ও সুষ্ঠু ধান সংগ্রহ প্রক্রিয়া নিশ্চিত করতে গতকাল জেলা আয়ুক্ত মৃদুল যাদবের পৌরহিত্যে আয়ুক্তের সভাকক্ষে এক সভা অনুষ্ঠিত হয় । সভায় সময়মতো ধান সংগ্রহ , পরিকাঠামো প্রস্তুতি , মান নিয়ন্ত্রন এবং বিভিন্ন বিভাগের মধ্যে সমন্বয় রক্ষার ওপর গুরুত্ব আরোপ করা হয়েছে । সভায় জেলা আয়ুক্ত শ্রীযাদব জানান যে জেলা প্রশাসন নূন্যতম সহায়ক মূল্যের সঠিক বাস্তবায়ন এবং স্বচ্ছতার সঙ্গে কৃষকদের উৎপাদন বাজারজাত করার ব্যবস্থা করবে । তিনি জানান যে কৃষক ও মিল মালিক উভয়ের স্বার্থ

সুরক্ষিত রেখে লক্ষ্য পূরনে এক সঙ্গে কাজ করা হবে । সভায় ভারতীয় খাদ্য নিগম , খাদ্য দপ্তর , কৃষক ও মিল মালিক সমিতির প্রতিনিধিরা অংশ গ্রহন করেন ।

---

হাইলাকান্দি জেলার সার্বিক উন্নয়নে জনকল্যানমূলক প্রকল্পের সঠিক বাস্তবায়নে অগ্রাধিকার দেওয়া হবে বলে জেলার নব নিযুক্ত আয়ুক্ত অভিষেক জৈন একথা জানান । গতকাল জেলা আয়ুক্তের কার্য্যলয়ের সভাকক্ষে আয়োজিত মত বিনিময় অনুষ্ঠানে জেলার কর্মরত সাংবাদিকদের সঙ্গে মত বিনিময় করে আয়ুক্ত শ্রী জৈন উন্নয়নমূলক কাজকর্মকে আরো তরান্বিত করতে সাংবাদিকদের পরামর্শ গ্রহন করেন ।

---

কাছাড় জেলার আধার মনিটরিং কমিটির এক সভা গতকাল শিলচরে অনুষ্ঠিত হয় । অতিরিক্ত জেলা আয়ুক্ত হেমাঙ্গ নবিশের পৌরহিত্যে আয়োজিত সভায় রাজ্য সরকারের পোর্টালে আধার প্যাকেট যাচাইয়ের অগ্রগতি এবং বকেয়া আবেদনগুলির নিষ্পত্তি নিয়ে আলোচনা করা হয়েছে । অতিরিক্ত জেলা আয়ুক্ত শ্রীনবিশ বকেয়া আবেদনগুলি দ্রুত নিষ্পত্তি করতে এবং আধারের ক্ষেত্রে থাকা সরকারী নীতি-নির্দেশিকা কঠোরভাবে অনুসরন করতে চক্র আধিকারীকদের নির্দেশ দিয়েছেন ।

---

আসাম প্রদেশ কংগ্রেস কমিটির সভাপতি গৌরব গগৈ আগামী ২৬শে জুলাই হাইলাকান্দি জেলা সফর করবেন । আমাদের সংবাদদাতা জানিয়েছেন যে হাইলাকান্দি জেলা সফরকালে সভাপতি শ্রীগগৈ আমার বুথ-আমার দাবী কার্য্যসূচীর সূচনা করে স্থানীয় ভোটারদের সঙ্গে মত বিনিময়

করবেন । সভাপতি শ্রীগগৈ আলগাপুর , জানকিবাজার ও হাইলাকান্দি শহরের একটি পোলিং বুথ পরিদর্শন করে , সেখানকার ভোটারদের সমস্যা সর্ম্পকে অবগত হবেন । এদিকে জেলা কংগ্রেস সভাপতি ইশাক আলী জানান যে প্রদেশ কংগ্রেস সভাপতি গৌরব গগৈ হাইলাকান্দিতে একটি জনসভায় বক্তব্য রাখবেন ।

---

ভারতীয় আবহা ওয়া বিজ্ঞান বিভাগের ওপক্ষ থেকে জাননাও হয়েছে যে আসাম সহ উত্তর-পূর্বের রাজ্যগুলিতে আগামী এক সপ্তাহ মাঝারী বৃষ্টি হওয়ার সম্ভাবনা রয়েছে । উল্লেখ্য আসামে এখনো পর্য্যন্ত স্বাভাবিকের তুলায় ৪০ শতাংশ , মেঘালয়ে ৫৪ শতাংশ এবং অরুনাচল প্রদেশে ৪৫ শতাংশ কম বৃষ্টি হয়েছে ।

---

লক্ষীপুর জেলা ক্রীড়া সংস্থা আয়োজিত দীনেশ প্রসাদ গোয়ালা স্মৃতি প্রাইজমানী নক আউট ফুটবল প্রতিযোগীতার আজকের খেলায়  চিক্কুর এফ সি , নাংকেই এফ সি-দলের বিরুদ্ধে খেলবে ।

পয়লাপুল খেলার মাঠে আয়োজিত প্রতিযোগীতার গতকালের খেলায় সিংগেরবন্দ ফুটবল একাডেমী ২-১ গোলে নাইথাং এফ সি দলকে পরাজিত করে ।

---